



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩
গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা
E-mail: comillapbs3@gmail.com
http://pbs3.comilla.gov.bd/



নম্বর: ২৭.১২.১৯৩৬.৫৭২.০১.০৩৮.২৩.৪২৪০

তারিখ: ৩০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

প্রাপক:

.....।

বিষয়: কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে ট্রান্সফরমার তৈল রিফাইন করণের দরপত্র বিজ্ঞপ্তি।

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর জন্য পবিসের নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে নিম্নবর্ণিত স্পেসিফিকেশন অনুযায়ী ট্রান্সফরমার তৈল রিফাইন করণের জন্য নিম্নোক্ত বিবরণ মোতাবেক গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত দরপত্র আহবান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রঃ নং	বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
৪৭/২০২৩-২৪	০১	নষ্ট ট্রান্সফরমার তৈল পরিশোধনের প্রতি ডামের খরচ	১০০টি		
	০২	নতুন ট্রান্সফরমার তৈলের ডাম এর ক্রয়মূল্য	৮০টি		
		মোট			
	০৩	(-) পুরাতন ট্রান্সফরমার তৈলের ডাম এর বিক্রয়মূল্য	১০০ টি		
সর্বমোট =					

শর্তাবলীঃ

০১। দরপত্র সমূহ নিজস্ব লেটার হেড প্যাডে মুখবন্ধ খামে আগামী ২৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ দুপুর ১২:০০ ঘটিকার মধ্যে (ক) কুমিল্লা পবিস-৩ এর সদর দপ্তর, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা (খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকায় রক্ষিত টেন্ডার বক্সে দাখিল করতে হবে। একই দিন অর্থাৎ ২৪/০৪/২০২৪ খ্রিঃ তারিখ স্ব-স্ব দপ্তরে বেলা ১২:০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র সমূহ খোলা হবে। বিলম্বে দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০২। দরপত্রের খামের উপর “ট্রান্সফরমার তৈল রিফাইন দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখতে হবে।

০৩। দরপত্রে উদ্ধৃত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

০৪। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সি, আয়কর সনদ, ভ্যাট রেজিস্ট্রেশন ও অন্যান্য কাগজপত্রাদির সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৫। দরদাতাকে কার্যাদেশ প্রাপ্তির ২০ (বিশ) দিনের মধ্যে কার্য সম্পাদন করতে হবে। প্রদত্ত ১০০ ডাম তৈল হতে কমপক্ষে ৮০% পরিশোধন হিসেবে ফেরত দিতে হবে। যথাসময়ে কার্য সম্পাদনে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট চুক্তি মূল্যের ১০% এর অধিক হবে না।


০৬। সন্তোষজনকভাবে কার্য সম্পাদনের পর চালান ও বিল দাখিল স্বাপেক্ষে নিয়মানুযায়ী ভ্যাট/আয়কর কর্তনের পর একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। ভ্যাট পরিশোধের চালান না দাখিল করিলে পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।

০৭। দরপত্র সম্পর্কে কারো কোন জিজ্ঞাসা থাকলে/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র দাখিলের জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে লিখিত ভাবে অনুরোধ করতে হবে।

০৮। কুমিল্লা পবিস-৩ এর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

- ০৯। দরদাতা প্রতিষ্ঠানকে অবশ্যই বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন হতে সংগৃহীত লাইসেন্স জমা প্রদান করতে হবে।
১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

আপনার বিশ্বস্ত,



১৩-০৪-২০২৪

মুহাম্মদ নুরুল হোসাইন
জেনারেল ম্যানেজার

নম্বর:

তারিখ: ৩০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (প্রশাসন), পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড (নির্ধারিত সময়ে দরপত্র গ্রহণ ও উন্মুক্ত করণের জন্য অনুরোধ করা হলো);
- ২। জেলা প্রশাসক, কুমিল্লা/মুন্সীগঞ্জ/ব্রাহ্মণবাড়ীয়া জেলা।;
- ৩। পুলিশ সুপার, কুমিল্লা/মুন্সীগঞ্জ/ব্রাহ্মণবাড়ীয়া।;
- ৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব), তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা জোন;
- ৫। নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়;
- ৬। সকল বিভাগীয় প্রধান, সদর দপ্তর, কুমিল্লা পবিস-৩;
- ৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার, পবিস-১/২/৩।;
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, হোমনা/তিতাস/ দাউদকান্দি/মেঘনা/বাঞ্ছারামপুর উপজেলা, কুমিল্লা/ মুন্সীগঞ্জ/ব্রাহ্মণবাড়ীয়া।;
- ৯। সকল ডিজিএম, কুমিল্লা পবিস-৩;
- ১০। এজিএম (আইটি), আইটি বিভাগ, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ (দরপত্র বিজ্ঞপ্তিটি যথাসময়ে অত্র পবিসের ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থা গ্রহণ করবেন) এবং
- ১১। অফিস কপি, মাষ্টার কপি।



১৩-০৪-২০২৪

মুহাম্মদ নুরুল হোসাইন
জেনারেল ম্যানেজার